# অফিসের নাম: জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর

| | | |
|---|---|---|
| **দপ্তর পরিচিতি** | : | জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের মাধ্যমে পরিচালিত একটি সরকারি প্রতিষ্ঠান। গ্রন্থাগারটি শেরপুর শহরের প্রাণকেন্দ্রে ১৯২৬ সালে রিডিং ক্লাব নামে (বেসকারিভাবে) যাত্রা শুরু করে। 'জেলা পাবলিক লাইব্রেরি সমূহের উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)'এরমাধ্যমে (১৯৮৭-১৯৯১) গ্রন্থাগারটি সরকারিকরণ করা হয়। ১৯৯১ সালের জুলাই মাস থেকে প্রতিষ্ঠানটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের রাজস্ব বাজেটে স্থানান্তরিত হওয়ার মাধ্যমে পূর্ণাঙ্গ সরকারি প্রতিষ্ঠান হিসেবে আত্মপ্রকাশ করে। বর্তমানে গ্রন্থাগারটি শেরপুর শহরের মাধবপুর মহল্লায় ৩৩ শতাংশ জমির উপর ৫০০০ বর্গফুটের একতলা বিশিষ্ট নিজস্ব ভবনে কার্যক্রম পরিচালনা করছে। |
| **উল্লেখযোগ্য কর্মকান্ড** | : | (নিচের সারণি দেখুন) |

| ক্রমিক | কার্যক্রম | ২০২২-২৩ অর্থবছরে আমাদের অর্জন |
|---|---|---|
| ১ | পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ | গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে ১২৮৯ টি পুস্তক সংগ্রহ, অন্তর্ভূক্তি রেজিস্ট্রারে তালিকাবদ্ধকরণ, প্রক্রিয়াকরণ ও বিধি মোতাবেক শেলফে সজ্জিত করা হয়েছে। |
| ২ | সদস্য সংগ্রহ | ৩৫ জন নতুন পাঠককে গ্রন্থাগারের সদস্য হিসেবে নিবন্ধিত করা হয়েছে । উল্লেখ্য এ পর্যন্ত গ্রন্থাগারের নিবন্ধিত মোট সদস্য সংখ্যা ৮২৪ জন। |
| ৩ | পাঠক সেবা | ১৭৬৬৩ জন সেবাগ্রহীতাকে পাঠক সেবা (বইপাঠ/পুস্তকলেনদেন/ রেফারেন্সসেবা /দৈনিকপত্রিকা/ সাময়িকীপাঠ/ পুরাতনপত্রিকাসেবা) প্রদান করা হয়েছে। |
| ৪ | সম্প্রসারণমূলক সেবা | নয়টি (০৯) জাতীয় ও আর্ন্তজাতিক দিবসে মোট ঊনিশটি (১৯) প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে যেগুলোতে মোট ৩৪৫ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। |
| ৫ | ইন্টারনেট ব্যবহার সেবা | ২০৩১ জন সেবাগ্রহীতা গ্রন্থাগার থেকে বিনামূল্যে ইন্টারনেট সেবা গ্রহণ করেছে। |
| ৬ | প্রাতিষ্ঠানিক সেবা | ছয়টি (০৬) বেসরকারি গ্রন্থাগারকে তালিকাভূক্ত করা হয়েছে। |
| ৭ | ভ্রাম্যমান লাইব্রেরি সেবা | 'দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি' প্রকল্পের অধীনে শেরপুর জেলায় ৭৫৭৪ জনকে বই ধার সেবা প্রদান এবং ৪৭২ জন নতুন পাঠক সংগ্রহ করা হয়েছে। বর্তমানে জেলার ৫টি উপজেলায় মোট ৪৭ টি স্পটে এই সেবা প্রদান করা হচ্ছে। |
| ৮ | জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উদযাপন | যথাযোগ্য মর্যাদায় ০৫ ফেব্রুয়ারি তারিখে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৩ উদযাপন করা হয়েছে। |
| ৯ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জেলা প্রশাসন, শেরপুরের আয়োজনে অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বিভিন্ন বিষয়ে অনলাইন প্রশিক্ষণ, ওয়ার্কশপ, আলোচনা সভা ও সেমিনারে অংশগ্রহন করেছে। |
| ১০ | সেবা সহজিকরণ | সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেইসবুক, ইউটিউব) ও ওয়েব পোর্টাল ব্যবহার করে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্যাদি, প্রতিবেদন, প্রতিযোগিতার বিজ্ঞপ্তি/ফলাফল/খবর প্রচার করা; রেফারেন্স সেবা; গ্রন্থ-পর্যালোচনা, পাঠাভ্যাসে উদ্বুদ্ধ করা ইত্যাদি সেবা সহজে প্রদান করা হচ্ছে। |
| ১১ | বেসরকারি গ্রন্থাগার পরিদর্শন | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুদান প্রদানের লক্ষ্যে শেরপুর জেলার ২৩ টি বেসরকারি গ্রন্থাগার পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে। |
| ১২ | বিবিধ | জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন ও গুরুত্বপূর্ণ কার্যক্রমে অংশগ্রহন করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| **আইসিটি সংক্রান্ত তথ্য** | : | গ্রন্থাগারে ৩টি কম্পিউটার, ১টি ল্যাপটপ, ৪ টি কানোকম্পিউটার, ১টি মনিটর ও ৮টি ক্যামেরাসহ ১ সেট সিসি ক্যামেরা সিস্টেম , ২টি মাইক্রোফোন ও ১টি স্পীকার সহ ১ সেট সাউন্ড সিস্টেম, ১টি প্রিন্টার, ১টি স্ক্যানার, ১টি টেলিফোনসেট, ইন্টারনেট সংযোগ সহ ৩টি ওয়াইফাই রাউটার সচল রয়েছে। তাছাড়া অকেজো যন্ত্রাংশের মধ্যে ১টি কম্পিউটার, ১টি ফটোকপিমেশিন, ১টি টেলিভিশন, ১টি ট্যাব, ২টি টেলিফোনসেট, ২টি প্রিন্টার সংরক্ষিত রয়েছে। |
| **ডি-নথিতে পত্র জারি ও নোট নিষ্পত্তির সংখ্যা** | : | ২০২২-২৩ অর্থবছরে ডি-নথিতে মোট ১০২ টি পত্রজারি এবং ৮০% নোট নিষ্পত্তি করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| **উদ্ভাবনী কার্যক্রম** | : | ২০২২-২৩ অর্থবছরে উদ্ভাবনী কার্যক্রমের আওতায় গ্রন্থাগারের ছবি, ঠিকানা, সেবা ও কার্যক্রমের তথ্য সম্বলিত খাম মুদ্রণ করা হয়েছে। |
| **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অর্জন** | : | ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী ৯৯% অর্জিত হয়ছে। |
| **জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত তথ্য** | : | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন করে ১০০% বাস্তবায়ন করা হয়েছে। |
| **সিটিজেন চার্টার সংক্রান্ত তথ্য** | : | সিটিজেন চার্টার সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২২-২৩, ১০০% বাস্তবায়ন করা হয়েছে। |
| **তথ্য অধিকার** | : | তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা ২০২২-২৩, ১০০% বাস্তবায়ন করা হয়েছে। |
| **যোগাযোগ** | : | লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, মাধবপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।<br>ফোন : ০২৯৯৭৭৮১১৫৩ (অফিস)<br>মোবাইল : ০১৭৯০৫৮৮৪৫৮<br>ইমেইল : dplsherpur@gmail.com (অফিস)<br>ওয়েবসাইট : publiclibrary.sherpur.gov.bd |
| **উল্লেখযোগ্য ছবি ০৩ (তিন কপি)** | : | সংযুক্ত |

০৪/১০/২০২৩

**(সাজ্জাদুল করিম)**

লাইব্রেরিয়ান

ফোন : ০২৯৯৭৭৮১১৫৩

ই-মেইল : dplsherpur@gmail.com